



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২৭.০১.২০২৫

প্রেস রিলিজ

“অন্তপুরীর সাতকাহন” অনুষ্ঠান করলো পাবিপ্রবি’র ছাত্রী হল

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হলে রবিবার রাতে (২৬ জানুয়ারি) “অন্তপুরীর সাতকাহন” অনুষ্ঠান করেছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। সভাপতিত্ব করেন হলের প্রাধ্যক্ষ ড. জিন্নাত রেহানা।

উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, যুগের সাথে তাল মিলিয়ে নিজেদের তৈরি করতে হবে। আমাদের দেশের মেয়েরা অনেক দায়িত্বশীল হয়ে থাকে, জাতি গঠনে তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তোমাদের স্বপ্ন বড় করা, চিন্তার পরিধি বাড়ানো এবং মন ও মননে বিকশিত হতে হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের যেকোনো সমস্যা আমরা দ্রুত সমাধান করার চেষ্টা করছি।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান ছাত্রী হলের সমস্যাগুলো দ্রুত সমাধানের কথা বলেন।

অনুষ্ঠানে বিভিন্ন অনুষ্ঠানের দিন, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, দপ্তর প্রধান, হলের সকল কর্মকর্তা, কর্মচারীসহ অনেকে উপস্থিত ছিলেন। নাচ, গান, আবৃত্তি, অভিনয়সহ বিভিন্ন ইভেন্ট ছিল অনুষ্ঠানে। অনুষ্ঠানে অতিথিরা বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

২৭.০১.২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।